*Z.Q., এবং অন্যরা বনাম N.Y. সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন, এবং অন্যরা, 20 Civ. 09866 (ALC) (RFT)*

## শিক্ষার্থীর রেকর্ড প্রকাশের সম্ভাবনা নিয়ে বিজ্ঞপ্তি

**অনুগ্রহ করে এটি মনোযোগ সহকারে পড়ুন।** এটি একটি মামলায় বিভিন্ন নথিপত্র বা ডক্যুমেন্ট প্রকাশিত হওয়ার আশঙ্কা সম্পর্কিত বিষয়ে একটি বার্তা, যাতে আপনার সন্তান সংক্রান্ত তথ্যও থাকতে পারে।

আরবি, বাংলা, চাইনিজ, ফ্রেঞ্চ, হেশিয়ান ক্রিওল, কোরিয়ান, রাশিয়ান, স্প্যানিশ এবং উর্দু ভাষায় অনুবাদ এখানে পাওয়া যাবে: **https://www.schools.nyc.gov/learning/special-education/help/zqferpa**

## এই মামলার প্রকৃতি

এই ক্লাস অ্যাকশন মামলায়, *Z.Q.* বনাম *NYC DOE*-তে, বাদীগণ দাবি করেছেন যে NYC ডিপার্টমেন্ট অভ এডুকেশন প্রতিবন্ধিতাযুক্তদের শিক্ষা আইনে (ইনডিভিজুয়ালস্ উইথ ডিস্যাবিলিটিজ এডুকেশন অ্যাক্ট) (এবং অন্যান্য সংশ্লিষ্ট আইনসমূহ) অধীনে তাদের অধিকার লঙ্ঘন করেছে কারণ NYC ডিপার্টমেন্ট অভ এডুকেশন প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের উল্লেখিতগুলো প্রদানে ব্যর্থ হয়েছে (1) কোভিড-19 -এর কারণে দূর থেকে শিক্ষা (রিমোট লার্নিং) চলাকালে শিক্ষার্থী যে পর্যায়ে শিক্ষা আইনত প্রাপ্য, (2) দূর থেকে শিক্ষা (রিমোট লার্নিং) চলাকালে যেসব শিক্ষাগত পরিষেবা ও থেরাপিসমূহ বাদ পড়েছে সেগুলো পূরণের জন্য প্রয়োজনীয় ঘাটতিপূরণমূলক (কমপেনসেটরি) পরিষেবাসমূহ, এবং (3) একটি প্রক্রিয়া যার দ্বারা দূর থেকে শিক্ষা (রিমোট লার্নিং) চলাকালে যেসব শিক্ষাগত পরিষেবা ও থেরাপিসমূহ বাদ পড়েছে সেগুলো পূরণের জন্য প্রয়োজনীয় ঘাটতিপূরণমূলক (কমপেনসেটরি) পরিষেবাসমূহ গ্রহণ। নিউ ইয়র্ক সিটি (NYC) ডিপার্টমেন্ট অভ এডুকেশন এসব অভিযোগ অস্বীকার করে।

বাদীদের প্রতিনিধিত্ব করছেন অ্যাডভোকেটস্ ফর চিল্ড্রেন অভ নিউ ইয়র্ক, https://www.advocatesforchildren.org/, 212-225-9339 (cal@advocatesforchildren.org), এবং প্যাটারসন বেলক্ন্যাপ ওয়েব অ্যান্ড টাইলার (Patterson Belknap Webb & Tyler LLP), https://www.pbwt.com/।

## নথিপত্রের জন্য অনুরোধ

এই মামলার অংশ হিসেবে, বাদীগণ NYC ডিপার্টমেন্ট অভ এডুকেশনকে কিছু নির্দিষ্ট নথিপত্র বা ডক্যুমেন্ট দাখিলের অনুরোধ জানাচ্ছে, যেগুলোতে আপনার সন্তানসহ শিক্ষার্থীদের সুরক্ষিত ব্যক্তিগত তথ্য থাকতে পারে। অনুরোধকৃত নথিপত্রের কিছু উদাহরণের মধ্যে রয়েছে (1) দূর থেকে শিক্ষা (রিমোট লার্নিং) চলাকালে বিভিন্ন কর্মসূচি, পরিষেবা অথবা ডিভাসের জন্য পিতামাতা এবং/অথবা অভিভাবকের যেকোনো অনুরোধ, (2) দূর থেকে শিক্ষা চলাকালে তাদের সন্তানের যেসব শিক্ষাগত পরিষেবা ও থেরাপিসমূহ বাদ পড়েছে সেগুলো পূরণে পিতামাতার বিভিন্ন কর্মসূচি (প্রোগ্রাম) ও পরিষেবার (সার্ভিস) জন্য যেকোনো অনুরোধ, এবং (3) দূর থেকে শিক্ষা চলাকালে শিক্ষার্থীদের যেসব শিক্ষাগত পরিষেবা ও থেরাপিসমূহ বাদ পড়েছে সেগুলো পূরণে প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের প্রদানের যেকোনো অফার। আপনি যদি একজন বর্তমান কিংবা প্রাক্তন শিক্ষার্থী, অথবা কোনো শিক্ষার্থীর পিতামাতা অথবা অভিভাবক হয়ে থাকেন, যিনি **2020-এর মার্চ থেকে 2021-এর জুলাই পর্যন্ত সময়ের মাঝে বিভিন্ন কর্মসূচি (প্রোগ্রাম), পরিষেবা (সার্ভিস), অথবা ডিভাইস পেয়েছেন অথবা অনুরোধ করেছেন, অথবা দূর থেকে শিক্ষা চলাকালে তাদের সন্তানের যেসব শিক্ষা ও থেরাপিসমূহ বাদ পড়েছে সেগুলো পূরণে গৃহীত ও অনুরোধকৃত বিভিন্ন কর্মসূচি (প্রোগ্রাম) ও পরিষেবার (সার্ভিস) আপনার রেকর্ড অথবা আপনার সন্তানের রেকর্ড প্রদান করা হতে পারে।**

যদি NYC ডিপার্টমেন্ট অভ এডুকেশন আপনার অথবা আপনার সন্তানের রেকর্ড প্রদান করে, তবে রেকর্ডগুলো গোপন রাখা হবে এবং শুধুমাত্র **সকল পক্ষের অ্যাটর্নিগণ (উকিল) এবং তাদের স্টাফ, তাদের বিশেষজ্ঞগণ এবং এই মামলায় সাক্ষ্য দিচ্ছেন কিংবা সহায়তা করছেন এমন সম্ভাব্য অন্যান্য তৃতীয় পক্ষ, আদালত ও এর স্টাফ, এবং সকল**

**পক্ষের অ্যাটর্নিদের সম্মতিক্রমে অন্যান্য ব্যক্তিবর্গ দেখতে সক্ষম হবেন।** সকল পক্ষ একটি আদালত-আদেশকৃত গোপনীয়তার চুক্তিতে (কনফিডেনশিয়ালিটি এগ্রিমেন্ট) আবদ্ধ হয়েছে, যার অর্থ হচ্ছে যে **কোনো শিক্ষার্থীর রেকর্ড** জনসাধারণ অথবা অন্য কোনো শিক্ষার্থী অথবা পিতামাতার কাছে **প্রকাশ করা হবে না।**

**আপনার শিক্ষার্থীর রেকর্ডের যেকোনো ধরণের প্রকাশ আপনার শিক্ষার্থীর শিক্ষায় কোনো ক্ষতি করবে না, এবং আপনার অথবা আপনার শিক্ষার্থীর বিরুদ্ধে ব্যবহার করা যাবে না। যদি প্রকাশ করা হয়, আপনার শিক্ষার্থীর রেকর্ড শুধুমাত্র এই প্রস্তাবিত ক্লাস অ্যাকশন মামলায় ব্যবহার করা হবে, এবং অন্য কোনো উদ্দেশ্যে ব্যবহার করা যাবে না।**

## শিক্ষার্থীদের গোপনীয়তার অধিকার

এই মামলায় আপনার অথবা আপনার সন্তান সম্পর্কিত যেকোনো ডক্যুমেন্ট দাখিলের বিরুদ্ধে প্রতিবাদ জানানোর সুযোগ আপনার রয়েছে। ফ্যামিলি এডুকেশনাল রাইটস অ্যান্ড প্রাইভেসি অ্যাক্ট ("FERPA"), 20 U.S.C. § 1232g(b) এবং 34 C.F.R. § 99.31(a)(9)(ii), এবং ইন্ডিভিজুয়ালস্ উইদ ডিস্যাবিলিটিজ এডুকেশন অ্যাক্ট ("IDEA"), 20 U.S.C. §§ 1400, *et seq.* হলো ফেডারেল আইন যা শিক্ষার্থীর রেকর্ডসমূহের গোপনীয়তা রক্ষা করে। এই আইনগুলো, কোর্টের আদেশ সাপেক্ষে এসব রেকর্ড প্রকাশের অনুমোদন দেয়, যদি এসব রেকর্ড প্রকাশের আগে কোনও স্কুল ডিস্ট্রিক্ট শনাক্ত-যোগ্য ব্যক্তিগত তথ্য সম্বলিত রেকর্ড প্রদানের আগে শিক্ষার্থী এবং পিতামাতাদের অবহিত করার জন্য এবং অতঃপর তাদের আপত্তি করার জন্য সুযোগ প্রদানে যৌক্তিক প্রচেষ্টা করে।

যদি, নোটিস পাবার পরে, কোনো পিতামাতা এবং/অথবা শিক্ষার্থী প্রতিবাদ জানায়, নথিপত্র তারপরও দাখিল করা হতে পারে, কিন্তু সুরক্ষিত ব্যক্তিগত তথ্য অপসারণ করা হবে যেন তথ্যগুলো বাদীদের উকিল বা অ্যাটর্নিগণ দেখতে না পারেন। সুরক্ষিত ব্যক্তিগত তথ্যের মধ্যে রয়েছে শিক্ষার্থীর নাম, পিতামাতা ও অভিভাবকের নাম (যাতে আছে মায়ের কুমারী নাম); পরিবারের সদস্যদের নাম; সোশ্যাল সিকিউরিটি নাম্বার; বাড়ির ঠিকানা; এবং বাড়ির ফোন নম্বর; এবং জন্মের তারিখ ও স্থান।

## কীভাবে আপত্তি উত্থাপন করতে হবে

এই বিজ্ঞপ্তি NYC ডিপার্টমেন্ট অভ এডুকেশনের অন্য কোনো বিচারাধীন অন্য কোনো বিষয় সংক্রান্ত আপনার বা আপনার সন্তানের কোনো অধিকারে প্রভাব ফেলে না।

আপনার অথবা আপনার সন্তানের রেকর্ড প্রকাশে আপত্তি করায় আপনার কোনো বাধা নেই। আপনার যদি কোনো অ্যাটর্নি অথবা অ্যাডভোকেট থাকেন যিনি সহায়তা প্রদান করছেন, তবে আপনি তার সাথে এই নোটিসটি নিয়ে আলোচনা করতে পারেন।

**উপরে বর্ণিত তথ্য প্রকাশে আপনার আপত্তি *না* থাকলে, আপনাকে কিছু করতে হবে না।**

**উপরে বর্ণিত তথ্য প্রকাশে আপনি যদি *আপত্তি* করেন, তবে আপনাকে অবশ্যই:** এই বিজ্ঞপ্তির সাথে সংযুক্ত অথবা https://www.schools.nyc.gov/learning/special-education/help/zqferpa-এ লভ্য "শিক্ষার্থীর তথ্য ও রেকর্ড প্রকাশে আপত্তি, মামলা নং 20-CV-09866" (Objection to Disclosure of Student Information and Records Case No. 20-CV-09866) ফর্মটি পূরণ করুন, এবং হয় (1) ZQObjections@schools.nyc.gov ঠিকানায় ইমেল করুন, অথবা (2) নিম্নোক্ত ঠিকানায় ডাকযোগে পাঠিয়ে দিন:

Jeffrey S. Dantowitz NYC Law Department
100 Church Street, Room 2-178 New York, NY 10007

**সকল আপত্তি অবশ্যই 27 ডিসেম্বর, 2024 তারিখের মধ্যে পেতে হবে।**

***আপনার সন্তানের (অথবা আঠারো বছরের অধিক বয়স্ক হলে আপনার নিজের) রেকর্ড প্রকাশে কীভাবে আপত্তি করতে পারেন সেবিষয়ে আরও তথ্য পেতে, কিংবা প্রয়োজনে এই বিজ্ঞপ্তির অনুবাদ পেতে অনুগ্রহ করে https://www.schools.nyc.gov/learning/special-education/help/zqferpa দেখুন। মামলাটি সম্পর্কে আপনার কোনো প্রশ্ন থাকলে, আপনি অ্যাডভোকেটস্ ফর চিল্ড্রেনস্ হেল্পলাইনে 212-225-9339 নম্বরে বা*** https://advocatesforchildren.org/contact-us/ ***এখানে যোগাযোগ করতে পারেন।***

আপনি যদি 27 ডিসেম্বর, 2024-এর মধ্যে অবজেকশন ফর্ম জমা না দেন, তাহলে ধরে নেওয়া হবে যে আপনি শিক্ষার্থীর সুরক্ষিত ব্যক্তিগত তথ্য সম্বলিত তথ্য ও রেকর্ড প্রকাশে আপত্তি করার অধিকার প্রয়োগ করছেন না।

## **শিক্ষার্থীর তথ্য ও রেকর্ড প্রকাশে আপত্তি**

**আমি একজন পিতামাতা, অভিভাবক, অথবা প্রাপ্ত-বয়স্ক শিক্ষার্থী** যার বয়স আঠারো (18) অথবা এরচেয়ে বেশি।

আমি শিক্ষার্থীর রেকর্ডের সম্ভাব্য প্রকাশের বিজ্ঞপ্তি **আমি পড়েছি ও বুঝেছি**।

*Z.Q., এবং অন্যরা, বনাম N.Y. সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন, এবং অন্যরা, সাউদার্ন ডিস্ট্রিক্ট অভ নিউ ইয়র্ক, কেইস নং. 20-CV-09866 (ALC) (RFT)* নামক মামলার সাথে সংশ্লিষ্ট নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশনের সংরক্ষণে থাকা নথিপত্রে অবস্থিত শিক্ষাগত রেকর্ড এবং সুরক্ষিত ব্যক্তিগত তথ্য[1] প্রকাশে **আমি আপত্তি করছি:**

অনুগ্রহ করে স্পষ্ট হরফে লিখুন।

পিতামাতা/অভিভাবকের নাম: ______________________________

শিক্ষার্থীর(দের) নাম: ______________________________

শিক্ষার্থীর জন্মতারিখ: ______________________________

শিক্ষার্থীর ID #: ______________________________

সর্বশেষ যে স্কুলে পড়েছে: ______________________________

ঠিকানা: ______________________________

______________________________ ______________________________

তারিখ

পিতামাতা/অভিভাবক বা
প্রাপ্তবয়স্ক শিক্ষার্থী/সাবেক শিক্ষার্থীর স্বাক্ষর

***এই ফর্মটি অবশ্যই হয় (1) ইমেলে ZQObjections@schools.nyc.gov, ঠিকানায় অথবা (2) নিম্নোক্ত ঠিকানায় ডাকযোগে পাঠাতে হবে::***

Jeffrey S. Dantowitz NYC Law Department
100 Church Street, Room 2-178 New York, NY 10007

***এই আপত্তির ফর্মটি অবশ্যই 27 ডিসেম্বর, 2024 তারিখের মধ্যে পৌঁছাতে হবে।***

[1] “সুরক্ষিত ব্যক্তিগত তথ্যের" (প্রটেক্টেড পার্সোনাল ইনফর্মেশন) মধ্যে রয়েছে তবে এতেই সীমাবদ্ধ নয়: শিক্ষার্থীর নাম; পিতামাতা ও অভিভাবকের নাম (এতে রয়েছে মায়ের কুমারী নাম); পরিবারের সদস্যদের নাম; সোশ্যাল সিকিউরিটি নম্বর; বাড়ির ঠিকানা; এবং বাড়ির ফোন নম্বর; এবং জন্ম-তারিখ ও স্থান।